

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ও  
রিটর্নিং অফিসারের কার্যালয়  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩  
আলফাডাঙ্গা, ফরিদপুর  
(www.alfadanga.faridpur.gov.bd)

স্মারক নং ০৫.১২.২৯০৩.০৩৩.০২.১২৬.২২-১৮৪

১৬/০৩/২০২৩ খ্রিঃ

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি রফিকুল হক, উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর ও রিটর্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক ১৪/০৩/২০২৩ তারিখে জারীকৃত গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে:

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	সময়কাল
০১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	১৯/০৩/২০২৩ (রবিবার)
০২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	২২/০৩/২০২৩ (বুধবার)
০৩	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
০৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	০২/০৪/২০২৩ (রবিবার)


খ) নির্বাচনী তফসিল:

০১	মনোনয়নপত্র দাখিলের তারিখ	০৫/০৪/২০২৩ (বুধবার)
০২	মনোনয়নপত্র বাছাই	০৯/০৪/২০২৩ (রবিবার)
০৩	প্রার্থীতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপীলের তারিখ	১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
০৪	আপীল নিষ্পত্তির তারিখ	১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
০৫	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	১৬/০৪/২০২৩ (রবিবার)
০৬	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	১৭/০৪/২০২৩ (সোমবার)
০৭	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
০৮	ভোট গ্রহণের তারিখ	১৩/০৫/২০২৩ (শনিবার)

(ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে)

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় অর্থাৎ উপজেলা নির্বাহী অফিসার ও রিটর্নিং অফিসারের কার্যালয়, আলফাডাঙ্গা, ফরিদপুর-এ এবং সহকারী রিটর্নিং অফিসারের কার্যালয় অর্থাৎ উপজেলা কৃষি অফিসার(ভারপ্রাপ্ত) ও সহকারী রিটর্নিং অফিসারের কার্যালয়, আলফাডাঙ্গা, ফরিদপুর-এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

  
২৬.০৩.২০২৩

(রফিকুল হক)  
উপজেলা নির্বাহী অফিসার  
আলফাডাঙ্গা, ফরিদপুর

ও  
রিটর্নিং অফিসার  
আলফাডাঙ্গা উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন/২০২২-২৩